দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# কৃষি বিশ্ববিদ্যালয়ে আবারও সেশনজটের আশঙ্কা!

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : আবারও সেশনজটের পদধ্বনি শোনা যাচ্ছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে। ক্যাম্পাস কার দখলে থাকবে, সে প্রশ্নে জাতীয়তাবাদী ছাত্রদল ও বাংলাদেশ ছাত্রলীগের মধ্যে শুরু হয়ে গেছে প্রতিযোগিতা।

১৯৯৮ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএসসি এজি পরীক্ষা শুরু হয়নি ২০০১ সালের মধ্যজুলাইতেও। ১৫ই জুলাই কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের চূড়ান্ত বর্ষের (১৯৯৭-৯৮) ছাত্রছাত্রীরা তাদের তাত্ত্বিক পরীক্ষাগুলো শেষ করেছে। স্বাধীনতা-উত্তর সময়ে ছাত্র সংঘর্ষ, কর্মচারী- ছাত্র সংঘর্ষ, ছাত্রলীগ-শিবির সংঘর্ষ, ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দল এবং পেশাজীবী আন্দোলনের কারণে প্রায় ৩ বছরের মতো বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল। যার বোঝা এখনও টানতে হচ্ছে শিক্ষার্থীদের অভিভাবকদের। স্বাধীনতা-উত্তর ত্রিশ বছরে সংঘর্ষে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে মোট ১৩ জন নিহত হয়েছে।